REG. NO. C. 853

জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

ছাদের জন্য

লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি
উচিত মূল্যে বিক্রয় করি।
সত্বর দরের জন্য
পত্র লিখুন।

নিরঞ্জন এণ্ড কোং লিঃ
ম্যানেজিং ডিরেক্টার :—
শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
২নং দর্ম্মাহাটা ষ্ট্রীট
কলিকাতা।

জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৹ টাকা। নগদ মূল্য ৵৹ দুই পয়সা বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /৹ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴৹ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵৹ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১৹ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /৹ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হইবে শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

২৭শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৩রা বৈশাখ বুধবার ১৩৪৮ ইংরাজী 16th April 1941 | ৪৫শ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও
নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪৫ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধি-ধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠ-পোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৹, ছোট ১৷৹ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

বাঙলার ও বাঙালীর নিজস্ব বীমা প্রতিষ্ঠান

হিন্দুস্থান কো-অপারেটিভ

ইনসিওরেন্স সোসাইটী লিমিটেড

ইহাতে জীবন-বীমা করিয়া সংসারে সুখস্বাচ্ছন্দ্য ও শান্তি সুপ্রতিষ্ঠিত করুন।

—আর্থিক পরিচয়—
(মে হইতে ডিসেম্বর, ১৯৩৯)

নূতন বীমা	...	২ কোটি	১০ লক্ষের	উপর
মোট চলতি বীমা	...	১৭ „	টাকার	„
মোট সংস্থান	...	৩ „	৫৭ লক্ষের	„
বীমা তহবিল	...	৩ „	১০ „	„
দাবী শোধ (১৯০৭-৩৯)	...	১ „	৯৭ „	„
প্রিমিয়াম আয়	...	প্রায় ৪৭ লক্ষ টাকা		

—বোনাস—
প্রতি বৎসর প্রতি হাজারে
মেয়াদী বীমায় ১৮৲ আজীবন বীমায় ১৫৲

হেড আফিস—হিন্দুস্থান বিল্ডিংস, কলিকাতা
ব্রাঞ্চ—বোম্বে, মান্দ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, পাটনা, নাগপুর ও ঢাকা।
এজেন্সি :—ভারতের সর্ব্বত্র, বর্ম্মা, সিলোন, মালয়া, ব্রিঃ ইষ্ট আফ্রিকা।

স্যাঙো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত, আমবাত, সর্দ্দি, কাশ সমস্তই স্যাঙো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকালব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲ ; ৩টী একত্রে ৫৷৹

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন্ এণ্ড কোং
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

মহা সমর ! মহা সমর !!

এই দুর্দ্দিনে দেশের অর্থ দেশে রাখুন। এবং দেশের সহস্র সহস্র নরনারীর অন্ন-সংস্থানের সহায়তা করুন। ভারতে উৎপন্ন তামাকে হাতে তৈয়ারী ভারত বিখ্যাত

মোহিনী বিড়ি

যাহা মোহিনী বিড়ি, মোহিনী ২৪৭ বা ২৪৭ নং বিড়ি বলিয়া পরিচিত, সেবন করুন। ধূমপানে পূর্ণ আমোদ পাইবেন। আমাদের প্রস্তুত বিড়ি, বিশুদ্ধতার গ্যারান্টি দিয়া বিক্রয় করা হয়। পাইকারী দরের জন্য লিখুন।

একমাত্র প্রস্তুতকারক ও স্বত্বাধিকারী

মুলজী সিক্কা এণ্ড কোং
হেড অফিস—৫১, এজরা ষ্ট্রীট, কলিকাতা।
শাখাসমূহ :—১৬০ নং নবাবপুর রোড, ঢাকা, সরায়গঞ্জ, মজঃফরপুর বি-এন-ডবলিউ-আর।
ফ্যাক্টরী—মোহিনী বিড়ি ওয়ার্কস, গোণ্ডিয়া (সি, পি) বি-এন-আর।
আমাদের নিকট বিড়ি প্রস্তুতের বিশুদ্ধ তামাক ও পাতা খুচরা ও পাইকারী হিসাবে পাওয়া যায়।
দরের জন্য পত্র লিখুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ।

৩রা বৈশাখ বুধবার সন ১৩৪৮ সাল

অভাব অভিযোগ

জনসাধারণ নানা প্রকারে এত অভাবগ্রস্ত যে দক্ষিণ হস্ত মুখে উঠিতেছে না। তাহাদের নিকট ধান্য চাউল দুর্ম্মূল্য! অর্থ সামর্থ্য ক্রমশঃ মন্দীভূত হইতেছে।

সাভারকরের তার

হিন্দু মহাসভার সভাপতি বীর বিনায়ক দামোদর সাভারকর ভারত সচিবের নিকট তার প্রেরণ করিয়া ঢাকার সাম্প্রদায়িক গোলযোগের প্রতি তাঁহার দৃষ্টি আকর্ষণ করিয়াছেন এবং অবিলম্বে তাঁহাকে হস্তক্ষেপ করিতে অনুরোধ করিয়াছেন।

মিউনিসিপ্যাল কর্ম্মচারী সম্মেলন

গত ১১ই ও ১৩ই এপ্রিল চট্টগ্রামে নিখিল বঙ্গ মিউনিসিপ্যাল কর্ম্মচারী সম্মেলনের পঞ্চম অধিবেশন অনুষ্ঠিত হইয়া গিয়াছে। এই অধিবেশনে সভাপতিত্ব করিয়াছিলেন কেন্দ্রীয় পরিষদের ডেপুটী প্রেসিডেণ্ট শ্রীযুক্ত অখিলচন্দ্র দত্ত মহোদয়।

অতিরিক্ত লাভকর আইন

গত ৩রা এপ্রিল তারিখে প্রকাশিত কলিকাতা গেজেটের অতিরিক্ত সংখ্যায় বাঙ্গালা সরকারের একটি বিজ্ঞপ্তি প্রচার করিয়া বলা হইয়াছে যে, অতিরিক্ত লাভ কর (সংশোধিত) আইন ১৯৪১, এখন হইতে দার্জ্জিলিং জেলায় ও ময়মনসিংহ জেলার আংশিক শাসন বহির্ভূত অঞ্চল সমূহে প্রযোজ্য হইবে।

আগুন লাগার ফলে একটি স্ত্রীলোকের মৃত্যু

গত ৩০শে চৈত্র রবিবার রাত্রি ৮ ঘটিকার সময় রঘুনাথগঞ্জ সহরের অনতিদূরে আইলেরউপর গ্রামের মুসলমান পল্লীতে আগুন লাগিয়া ১৭ খানি ঘর পুড়িয়া গিয়াছে। উক্ত গ্রামের মোতালিম সেখের স্ত্রী ঘর হইতে বাহির হইতে না পারিয়া আগুনের তাপে ঝলসিয়া মারা গিয়াছে। মোতালিমের হাত ও পা সাংঘাতিকভাবে পুড়িয়া গিয়াছে।

আবহাওয়া

বেশ গরম পড়িয়াছে। ইতিমধ্যেই অতিষ্ঠ করিয়া তুলিয়াছে। বৃষ্টি না হওয়ায় চারিদিকে ভীষণ জলকষ্ট উপস্থিত হইয়াছে। পানীয় জলের অত্যন্ত অভাব অনুভূত হইতেছে। জেলাবোর্ডের টিউবওয়েল বহু স্থানেই নষ্ট হইয়া গিয়াছে। স্থানে স্থানে বৃহৎ জলাশয় খনন জনসাধারণের সুখ স্বাস্থ্যের অনুকূল। এখন পুষ্করিণী প্রতিষ্ঠা উঠিয়া গিয়াছে, বৃক্ষ প্রতিষ্ঠা দেবমন্দির প্রতিষ্ঠা জনগণ ভুলিয়া গিয়াছে। পল্লীগ্রামে জ্বর রোগের প্রাদুর্ভাব দেখা যাইতেছে।

১৪০ বৎসরের বৃদ্ধের মৃত্যু

গোলাঘাট মহকুমার সুদূর গ্রামের একটি উপজাতীয় লোক ১৪০ বৎসর বয়সে পরলোকগমন করিয়াছে। তিনিই আসামের প্রাচীনতম অধিবাসী বলিয়া সকলেই স্বীকার করিতেছেন। লোকটির নাম সরংফ। সে জাতিতে মিকির। জিলার ডেপুটী কমিশনারের অধীনে সে গ্রামের মোড়ল পদে অধিষ্ঠিত ছিল। বার্দ্ধক্যের কোনরূপ অভিযোগ না করিয়াই সে তাহার কর্ত্তব্য পালন করিয়াছে। তাহার স্ত্রীর বয়স ১২৫ বৎসর। সেও আপনাকে তাহার যে কোন পৌত্র বা পৌত্রীর ন্যায় সবল বলিয়া দাবী করে। তাহার এই সকল পৌত্র পৌত্রী প্রত্যেকেই বিবাহিত ও তাহাদের সন্তানাদি আছে। মৃত্যুর সময় সরংফের উভয় চোয়ালেই সুদৃঢ় দন্ত বর্ত্তমান ছিল। তাহার একটী দাঁতও পড়ে নাই।

কৌতূহলোদ্দীপক সংবাদ

প্রকাশ, সৈয়দ ওয়াহেদ প্রমুখ কতিপয় মুসলমান বর্দ্ধমান মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানের নিকট এক আবেদন করিয়াছেন। এই আবেদনে তাঁহারা জানাইতেছেন যে—"মুসলমানগণ পশ্চিম দিকে খোদা তাল্লার উদ্দেশ্যে নামাজ পড়িয়া থাকেন, সেই কারণ সহরের কোন পায়খানার দরজা যাহাতে পশ্চিম দিকে না থাকে বা সহরের মধ্যে কেহ পশ্চিম দিকে প্রস্রাব না করেন তাহার জন্য আবশ্যক মত ব্যবস্থা করা কর্ত্তব্য।" এতদিন পরে এই সকল ভদ্রলোকের এদিকে যে লক্ষ্য হইবে ইহাদের নিজেরাই হয়তো তাহা কোনদিন ভাবিতে পারেন নাই। অন্য পরে কা কথা। কিন্তু এখন কথা হইতেছে হিন্দুরাও যদি পূর্ব্বদিকের জন্য আপত্তি করেন তখন কি উপায় হইবে? এ বিষয়ে সেই উৎসাহী ভদ্রলোকগণ কি বলেন?

"বীরভূম-বার্ত্তা"

কাগজের কথা

যুদ্ধের জন্য এদেশে যে সব জিনিষের মূল্য বৃদ্ধি হইয়াছে, তাহার মধ্যে কাগজ অন্যতম। সংবাদপত্রের কাগজই কি, আর পুস্তকের কাগজই কি, সবই দুর্ম্মূল্য হইয়াছে। অনেক সংবাদপত্রই পত্রসংখ্যা কমাইতে বাধ্য হইয়াছে; পুস্তক প্রকাশও কমিয়া গিয়াছে। এরূপ অবস্থায় ভারতীয় কাগজ প্রস্তুতকারক সঙ্ঘের সভার সভাপতি মিঃ সি এ কারমাইকেল যাহা বলিয়াছেন, তাহা বস্তুতই বিস্ময়কর। সম্প্রতি সঙ্ঘের যে বাৎসরিক সাধারণ সভা হইয়া গেল, তাহাতে বক্তৃতা প্রসঙ্গে মিঃ কারমাইকেল বলেন,—"যুদ্ধের দরুণ শিল্পের প্রসারের ফলে সর্ব্বত্রই কাগজের চাহিদা বাড়িয়া গিয়াছে। সরকারী সৈন্য বিভাগ ও সমরোপকরণ নির্ম্মাণের কারখানাসমূহের জন্যও এখন অধিক পরিমাণে কাগজের প্রয়োজন হইতেছে। ভারতীয় কারখানাসমূহে প্রস্তুত নানারকমের কাগজ সামান্য পরিমাণে রপ্তানী করিলে ভারতের বাজারের বিশেষ ক্ষতির সম্ভাবনা নাই।" আমরা মিঃ কারমাইকেলের কথা শুনিয়া সত্যই বিস্মিত হইয়াছি। ভারতের কলসমূহে যদি এতই কাগজ উৎপন্ন হইতেছে, তবে আবার বিদেশ হইতে কাগজ আমদানী করিয়া কাজ চালাইতে হয় কেন? পরন্তু কাগজের মূল্যই বা কমিতেছে না কেন? মিঃ কারমাইকেল অনুসন্ধান করিলেই জানিতে পারিবেন যে, এদেশের অনেক প্রকাশক ও পুস্তক-বিক্রেতা কাগজের মহার্ঘতার জন্য উপস্থিত কাজ কামাইয়া দিতে বাধ্য হইয়াছেন, সাধারণ গ্রন্থকারেরাও কাগজ দুর্ম্মূল্য বলিয়া এখন আর পাঠ্যপুস্তক ব্যতীত অন্য কোন গ্রন্থ প্রকাশে আগ্রহ প্রকাশ করিতেছেন না। এবার বাজারে যে সব পঞ্জিকা বাহির হইয়াছে, বিজ্ঞাপনদাতাদের ষ্টিচের অভাবে তাহা অন্যান্য বৎসরের তুলনায় অনেক পরিমাণেই শীর্ণ। এরূপ অবস্থায় যদি ভারত হইতে বিদেশে কাগজ চালান যাইতে থাকে, তাহা হইলে এদেশে অনেক কাজকর্ম্মই অচল হইয়া পড়িবে না কি? বিদেশের টান যোগাইবার জন্য যদি এদেশে কাগজ-শিল্পের সাময়িক পুষ্টি সম্ভবপর হয়, তাহা হইলেও এদেশের কোন সুবিধাই হইবে না।

নীলামের ইস্তাহার

চৌকি জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত
নীলামের দিন ২১শে এপ্রিল ১৯৪১

৭২৫ খাং ডিঃ ধীরেন্দ্রনাথ রায় দিং দেং মহাম্মদ সেখ দাবি ১৩৸৯ থানা সমসেরগঞ্জ মৌজে মহাদেবনগর ৬ শতকের কাত ১৸০ আঃ ৫৲ খং ৫৩৫

চৌকি জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত।
নীলামের দিন ১৩ই মে ১৯৪১

৮৬৬ খাং ডিঃ ভজহরি নাথ দিং দেং কোবাদ সেখ দিং দাবি ২৪৷৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে উমরপুর ৬০ শতকের কাত ৬৷৶১৩ আঃ ৮৲ খং ৯৩

চৌকী জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত।
নীলামের দিন ১৯শে মে ১৯৪১।

৪৭ খাং ডিঃ সেবাইত শ্যামাচরণ নাথ দিং দেং তরণীকান্ত দাস দাবি ২৭৷৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে জাঠিয়া ৬৩ শতকের কাত ৩৷৵৫ আঃ ১০৲ খং ৬১ রায়ত স্থিতিবান

৮৮৫ খাং ডিঃ ঐ দেং শ্যামাচরণ বারিক দিং দাবি ২৭৷৯ মৌজাদি ঐ ৯০ শতকের কাত ১৸৶১৬ আঃ ৫৲ খং ৩০০

৮৮৬ খাং ডিঃ ঐ দেং রঘুনাথ দাস দিং দাবি ৪৪৷৶৯ মৌজাদি ঐ ৩৩ শতকের কাত ৫৷১০ আঃ ১০৲ খং ২৮৫

৮৮৯ খাং ডিঃ ঐ দেং জৈয়দ সেখ দাবি ২৪৷৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে তক্ষক দিং ৩-২ শতকের কাত ৩৷৶৭ আঃ ১০৲ খং ১১৭।১১৯

৮৯২ খাং ডিঃ ঐ দেং আবদুল রহমান সেখ দাবি ৩৯৷৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে ঘোড়শালা ২-৫৩ শতকের কাত ৮৸১২ আঃ ২০৲ খং ৩২ রায়ত স্থিতিবান

৭৯৩ খাং ডিঃ শ্যামাপদ রায় দেং ব্রহ্মনারায়ণ সিংহ দাবি ৩২৲৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে তেঘরী ৩-১১ শতকের কাত ১৪৵১০ মধ্যে খারিজ বাদে ১-৬৮ শতকের কাত ২৸৵১২৷০ আঃ ১০৲ খং ৫১২

৮৫ খাং ডিঃ কুমারিশচন্দ্র বন্দ্যোপাধ্যায় দিং দেং সৈয়দ মাহুয়ার আলি মিঞা দাবি ২৬।০ থানা রঘুনাথগঞ্জ মৌজে দক্ষিণপাড়া ৫৫ শতকের কাত ৩৷৵০ আঃ ১৫৲ খং ৩১৯

১১৩ খাং ডিঃ বিমলেন্দুনাথ সিংহ চৌধুরী দিং দেং শ্রীচরণ দাস দাবি ২৯৵৬ থানা সুতী মৌজে মানিকপুর ৪৬ শতকের কাত ৩৸৫ আঃ ২০৲ খং ৬৪

১৩ খাং ডিঃ গোবিন্দলাল দাস দিং দেং উদয়চন্দ্র দাস দিং দাবি ১৮৵৩ থানা সুতী মৌজে রশুনপুর ১-৩৫ শতকের কাত ৩৷৶০ তন্মধ্যে ৪৮ শতকের কাত ১৷৵১০ আঃ ১৫৲ খং ২০৭ রায়ত স্থিতিবান

৮০৬ খাং ডিঃ সেবাইত কুমারকৃষ্ণ ঘোষ দেং তাজুদ্দি সেখ দিং দাবি ৩৯৷৵৩ থানা সুতী মৌজে বহুতালী ১-৩৩ শতকের কাত ৪৲ আঃ ২৫৲ খং ১১৪৮ মোকররী স্বত্ব

৮৯৩ খাং ডিঃ সেবাইত শ্যামাচরণ নাথ দিং দেং এমাম মণ্ডল দিং দাবি ২৭৷৶৬ থানা সাগরদীঘি মৌজে চাঁদপাড়া ১-১৮ শতকের কাত ২।৪ আঃ ৫৲ খং ১৩৯ রায়ত স্থিতিবান

১৬৫ খাং ডিঃ মাশুমা খাতুন সাহেবা দেং আফসার সেখ দাবি ১০৸৵৬ থানা সাগরদীঘি মৌজে বেলসণ্ডা ২৭ শতকের কাত ১৷৶২ আঃ ৫৲ খং ১২৪

১৬৬ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৬॥/৬ মৌজাদি ঐ ১-১৮ শতকের কাত ৬৶৯ আঃ ১০৲ খং ১১৭

১১৭ খাং ডিঃ ললিতমোহন চক্রবর্ত্তী দিং দেং কুরনিশ সেখ নাবালক পক্ষে অলি কাকা সফাতুল্যা সেখ দিং দাবি ১৩৸৬ থানা সাগরদীঘি মৌজে বড়গড়া ২৬ শতকের কাত ৸০ আঃ ৫৲ খং ৩৯৭

১৬০ খাং ডিঃ বিমল সিংহ কুঠারী দেং গোবিন্দলাল মাল দাবি ১৯/৩ থানা সাগরদীঘি মৌজে খাড়ুগ্রাম ১-০৮ শতকের কাত ২।০ আঃ ১০৲ খং ৩০৭

১৬১ খাং ডিঃ ঐ দেং মতিচাঁদ বিবি ওরফে রাজিয়াতুন নেসা বিবি দাবি ১৮৶৬ মৌজাদি ঐ ৩-৬১ শতকের কাত ২৲ আঃ ১০৲ খং ২ রায়ত স্থিতিবান

১২০ খাং ডিঃ গোপিকারঞ্জন সেন দিং পক্ষে কমন ম্যানেজার মনোরঞ্জন সেন দেং ইয়াকুব বিশ্বাস দিং দাবি ৩৪॥৶ থানা সাগরদীঘি মৌজে গড়ের পাহাড় ৩-২০ শতকের কাত ১১॥/৭॥০ আঃ ২৫৲ খং ২০

৫ খাং ডিঃ জয়চাঁদ সেরাওগী দিং দেং বাহাদুর মাল দিং দাবি ১১৲ থানা সাগরদীঘি মৌজে ভূমিহর ১৬ শতকের কাত ৸০ আঃ ৩৲ রায়ত স্থিতিবান

১৪৫ খাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলাক্ষা দেং শম্ভুনাথ চট্টোপাধ্যায় দিং দাবি ৮০৸৩ থানা সাগরদীঘি মৌজে সমসাবাদ ৪-৩৬ শতকের কাত ১০৸৶৬ আঃ ৫০৲ খং ৪৬৪

১৪৬ খাং ডিঃ ঐ দেং ফণিভূষণ মুখোপাধ্যায় দিং দাবি ৩০৸৬ মৌজাদি ঐ ১-৪৩ শতকের কাত ৫৶২ আঃ ১০৲ খং ৪১১।৩৬৭

১৬২ খাং ডিঃ ঐ দেং করিম সেখ দিং দাবি ৪১।৶৬ থানা সাগরদীঘি মৌজে হুকুমাপুর ১-৪৯ শতকের কাত ৫৸৶০ আঃ ১৫৲ খং ২৬২

৬২২ খাং ডিঃ ঐ দেং খগেন্দ্রনাথ সরকার দিং দাবি ১২৯।৶৬ থানা সাগরদীঘি মৌজে কোমড্ডা ৪-৫৪ শতকের কাত ২৩'৶৮ আঃ ৮০৲ খং ৪২

৬২৩ খাং ডিঃ ঐ দেং ঐ মৌজাদি ঐ ৬-৬৮ শতকের কাত ৪০।৬ আঃ ১০০৲ খং ৪১

১৮১ খাং ডিঃ ঐ দেং আফসার সেখ দিং দাবি ৮৮৶০ থানা সাগরদীঘি মৌজে সাওড়াইল ২০-৩॥ শতকের কাত ১৬৶৭ আঃ ২৫৲ খং ৪৭২

১৮২ খাং ডিঃ ঐ দেং মস্তাজ সেখ দিং দাবি ১৯।৩ মৌজাদি ঐ ৫৪ শতকের কাত ২৸৶৯ আঃ ৫৲ খং ৩৩৯

১৮৩ খাং ডিঃ ঐ দেং উপেন্দ্র মাল দাবি ৬০।৯ মৌজাদি ঐ ১-২২ শতকের কাত ৯৸৶১ আঃ ২৫৲ খং ১২৩

১৮৪ খাং ডিঃ ঐ দেং মতলব সেখ দিং দাবি ৪৭।৶৩ মৌজাদি ঐ ১-২২ শতকের কাত ৮।৶৪ আঃ ২৫৲ খং ৭৯

১৪৭ খাং ডিঃ হেমন্তকুমার বন্দ্যোপাধ্যায় দেং মতিউল্লা বিশ্বাস দাবি ১৬৸৯ থানা সাগরদীঘি মৌজে বুজরুক ফতেপুর ৪০০২ শতকের কাত ১৮।৶১৫ আঃ ১০৲ খং ৪৩

১০০৩ খাং ডিঃ কামেশ্বরনাথ লালা দিং দেং ভুজঙ্গভূষণ রায় দিং দাবি ৩৮॥/৩ থানা সাগরদীঘি মৌজে খৈরাটী ১-৪৫ শতকের কাত ৫॥৬ আঃ ১৫৲ খং ৯২৭

১৭৫ খাং ডিঃ ম্যানেজার নাটোর রাজ ওয়ার্ডস এষ্টেট দেং শ্যামাপদ সাহা দাবি ৩০।/৬ থানা সাগরদীঘি মৌজে বোখারা ২-৬৬ শতকের কাত ১১।/৯ আঃ ২৫৲ খং ৬১৮

১৭৬ খাং ডিঃ ঐ দেং শ্যামসুন্দর চট্টোপাধ্যায় নাবালক পক্ষে অলি মাতা বীণাপাণি দেবী দাবি ২২॥৬ মৌজাদি ঐ ৩-৪৪ শতকের কাত ১৩।৶০ আঃ ২০৲ খং ৩৮৯

১৭৭ খাং ডিঃ ঐ দেঃ মহিমন্নেসা বিবি দাবি ৩৫৸৬ মৌজাদি ঐ ২-১০ শতকের কাত ১৭৸৬ আঃ ৩০৲ খং ৪৭৬

১৮০ খাং ডিঃ ঐ দেং মানোয়ার হোসেন মোল্লা দাবি ১০৶০ মৌজাদি ঐ ১-১১ শতকের কাত ৩।৩ আঃ ১০৲ খং ৪৩৯

৯৯ খাং ডিঃ গৌরচন্দ্র দত্ত মৃত্যুান্তে ওয়ারিশ পুত্র লুটবিহারী দত্ত দিং দেং তোফা বিবি দিং দাবি ২৫।০ থানা সমসেরগঞ্জ মৌজে তোফাপুর ৩/০ বিঘার কাত ৪৲১২ আঃ ১০৲ খং ২৮২ রায়ত স্থিতিবান

৮৭৫ খাং ডিঃ সেবাইত কুমাররুষ্ণ ঘোষ দেং তিনকড়ি বেওয়া দিং দাবি ৬৫/৯ থানা সমসেরগঞ্জ মৌজে নপাড়া ৭০ শতকের কাত ৯৲০ আঃ ৫৲ খং ১৬ রায়ত স্থিতিবান

৭০ খাং ডিঃ জোহুর আহম্মদ চৌধুরী দিং দেং পার্ব্বতী দাসী দাবি ১৬৶৩ থানা সমসেরগঞ্জ মৌজে জোত রঘু ৬০ শতকের কাত ১৬/১০ আঃ ৫৲ খং ৫৮

৭১ খাং ডিঃ ঐ দেং আইসা বিবি দাবি ১০॥/৯ থানা ঐ মৌজে বাহাদুর ৯৩ শতকের কাত ২/৯ আঃ ১০৲ খং ৪৩১

৭৩ খাং ডিঃ ঐ দেং সফি বিবি দাবি ১৩।৩ থানা ঐ মৌজে সাহাবাজপুর ৬৩ শতকের কাত ১৮/১০ আঃ ৫৲ খং ১৬৩

১১১ খাং ডিঃ ঐ দেং মাওলাবক্স নাদাপ দাবি ১৯৮৶৬ মৌজাদি ঐ ৯৭ শতকের কাত ২॥৶০ আঃ ৫৲ খং ১৩৬

৮২৭ খাং ডিঃ হীরেন্দ্রনাথ রায় দিং দেং কলিমুদ্দিন বিশ্বাস দাবি ৩৪৲৬ থানা সমসেরগঞ্জ মৌজে দিঘড়ি ৬-২৪ শতকের কাত ১৪৸০ আঃ ১৫৲ খং ১৫৫৭।১১৫

১৫৫ খাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দেং রাখালচন্দ্র সাহা দিং থানা সমসেরগঞ্জ মৌজে অনুপনগর ৮ শতকের কাত ১।৶৫ আঃ ৮৲ খং ২০৩৬

১৫৬ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২।৬ মৌজাদি ঐ ৩১ শতকের কাত ৩/০ আঃ ১০৲ খং ১০০৮

১৫৭ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪।৶০ মৌজাদি ঐ ৮ শতকের কাত ২৲ আঃ ৭৲ খং ১৮০৯

১৫৮ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫৸৶৩ মৌজাদি ঐ ১ শতকের কাত ২৸৶১০ আঃ ১০৲ খং ৭৫৫

১৫০ খাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলাক্ষা দেং কেদার নাথ সিংহ দিং দাবি ২৮৶৯ থানা সমসেরগঞ্জ মৌজে বেনিয়াগ্রাম ১ একরের কাত ৪৲ আঃ ১৫৲ খং ৮৯৩

১৩৩ খাং ডিঃ তপেশচন্দ্র সেন হাজরা দিং দেং বাহার সেখ দিং দাবি ৩৬॥০ থানা সমসেরগঞ্জ মৌজে বলবলপাড়া ৫।৩॥৶০ বিঘার কাত ৫৸৶৮ আঃ ৩৫৲ খং ৯৫ রায়ত স্থিতিবান

১৫১ খাং ডিঃ ঐ দেং কালু সেখ দিং দাবি ২১।০ মৌজাদি ঐ ৯৫ শতকের কাত ৩৶৯ আঃ ৫৲ খং ২৭

২ খাং ডিঃ শ্রীমতী রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং হেমকুমারী দাসী দাবি ১২/৯ থানা সমসেরগঞ্জ মৌজে কুলী ২-২৭ শতকের কাত ৯/৬ আঃ ৯৲ খং ১৯৬

৮০৫ খাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং ভূষণচন্দ্র দাস দিং দাবি ২৬৸৬ থানা সমসেরগঞ্জ মৌজে জালাদিপুর ৩৫ শতকের কাত ২॥৶০ খং ৭১ রায়ত স্থিতিবান

৯৪ খাং ডিঃ ভূপেন্দ্রনাথ রায় দিং দেং সেরাজুদ্দিন সেখ দাবি ১১।৶০ থানা সমসেরগঞ্জ মৌজে চাঁদড় ২।৪ বিঘার কাত ১।৶৯ আঃ ১০৲ খং ২১১

১৯১ খাং ডিঃ সগুনচাঁদ ঘোষাল দেং জলিল সেখ দিং দাবি ১৪৸৶৩ থানা সমসেরগঞ্জ মৌজে পরাণপাড়া ২৭ শতকের কাত ২৶৭ খং ১৬৩৬

১২৮ খাং ডিঃ কুমার নৃপেন্দ্রচন্দ্র পাঁড়ে দিং দেং আইওব সেখ দিং দাবি ৭০৲৩ থানা সমসেরগঞ্জ মৌজে বহড়াগাছী ৩-৩৮ শতকের কাত ১৪৸৶১৫ আঃ ৪০৲ খং ৭৫

১৭৮ খাং ডিঃ কালীপদ সিংহ দিং দেং সুশীলা দাস্যা দাবি ৯৸৬ থানা সমসেরগঞ্জ মৌজে হাসিমপুর ।৪॥০ কাঠার কাত ২।৶৫ আঃ ৫৲ খং ৬

১৪৯ অন্য ডিঃ রাধামোহন চট্টরাজ দিং দেং গৌর কিশোর সেন দিং দাবি ৩৭৩৩ মুর্শিদাবাদ কালেক্টারীর ৫৩৯ নং তৌজির মহাল থানা লালগোলা মৌজে পরাণপুর আঃ ৭৫৲ খং ৮২ ২ নং লাট মৌজে চামুণ্ডা আঃ ৭৫৲ খং ৯৭ ৩ নং লাট মৌজে ফতেপুর আঃ ৭৫৲ খং ৬২ ৪ নং লাট মৌজে মোমিননগর আঃ ৭৫৲ খং ৮৮ ৫ নং লাট থানা রঘুনাথগঞ্জ মৌজে মিঞাপুর আঃ ১৫৲ খং ৪৭ ৬ নং লাট থানা ভগবানগোলা মৌজে সুবর্ণমৃগী আঃ ৫০৲ খং ১ উক্ত ৬টি মৌজার সদর রেভিনিউ ৬৪১/১১ উহা দেনদারগণের জমিদারী স্বত্ব হয়। উক্ত জমিদারী স্বত্বের সিকি রকম জমিদারী নীলাম হইবে।

নূতন চিকানা

মনিগ্রামের প্রসিদ্ধ চিকিৎসক

পক্ষাঘাত, বাত, উন্মাদ, কাস, শ্বাস, চক্ষুরোগ, কর্ণরোগ, ব্লডপ্রেসার, বেরিবেরি—প্রভৃতি পীড়ার চিকিৎসায় পারদর্শী

কবিরাজ—

শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী বিশ্বাস কবিরত্ন,

এম-বি-সি-এ, (গভর্ণমেণ্ট রেজিষ্টার্ড)

মনিগ্রাম বাসন্তীতলা

পোঃ মনিগ্রাম (মুর্শিদাবাদ)

শিক্ষক মহাশয়গণের নিকট নিবেদন

আমরা ইংরাজী ও বাংলা ভাষায় উৎকৃষ্ট কাগজে স্কুলের প্রয়োজনীয় সকল প্রকার হাজিরা বহি, ভর্ত্তি বহি, ট্রান্সফার সার্টিফিকেট, বেতন আদায়ের রসিদ বহি প্রভৃতি মজুত রাখিয়াছি। দরকার হইলে আমাদের নিকট হইতে লইবেন। খাতাগুলি ভালভাবে বাইণ্ডিং করা।

বাংলা ভাষায় (প্রাইমারী স্কুলের জন্য)

হাজিরা বহি (২০ পাতার)	৸০
" ৪০ "	॥০
ভর্ত্তি বহি	।৶০
ট্রান্সফার সার্টিফিকেট (২০ পাতার)	।৵০
রসিদ বহি (১০০ পাতার)	।১০

For M. E. & H. E. SCHOOLS.

Students' Attendance Register with Fee realisation (25 pages)	-/11/-
Teachers' Attedance (25 pages)	-/11/-
First Admission Form (100 sheets)	1/4/-
Transfer Certificate (100 sheets) (Triplicate.)	2/12/-
Receipt Book (for fee collection) (100 pages in each Book)	-/4/-
Letter Heading ½ Foolscap size 100	-/12/-
Do. ¼ Foolscap 100	-/9/-

ফরম সাপ্লাই এজেন্সী

পণ্ডিত প্রেস

পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

ব্যানার্জ্জি হোমিও হল

বিশুদ্ধ হোমিওপ্যাথিক ঔষধ সুলভ মূল্যে পাওয়া যায়।

ঘুনাথগঞ্জ এম, ই, স্কুলের নিকট অনুসন্ধান করুন।

সস্তায় রবার ষ্ট্যাম্প

সকল প্রকার রবার ষ্ট্যাম্প এক সপ্তাহ মধ্যে সরবরাহ করা হয়। সমস্ত ষ্ট্যাম্পই কলিকাতায় প্রস্তুত এবং কলিকাতার অন্যান্য কারখানা অপেক্ষা জিনিষ ভাল অথচ দামে সস্তা। রবারের পকেট প্রেস, ডেটিং ষ্ট্যাম্প, সেল্‌-ইঙ্কিং প্যাড ও কালী সর্ব্বদা বিক্রয়ার্থ মজুত থাকে। পরীক্ষা প্রার্থনীয়।

প্রাপ্তিস্থান—"পণ্ডিত-প্রেস"

পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

বিনামূল্যে হাঁপানীর ঔষধ

নিম্ন ঠিকানায় ৺মনোহর দাস বাবাজী সাধু প্রদত্ত হাঁপানীর ঔষধ জাতিধর্ম্মনির্ব্বিশেষে বিনামূল্যে বিতরণ করা হয়। এই ঔষধ মাত্র একবার সেবন করিতে হয়। ঠিকানা ও পাঁচ পয়সার ডাকটিকিটযুক্ত খাম পাঠাইলে মফঃস্বলে ডাকযোগে ঔষধ প্রেরিত হয়।

শ্রীসুধীন্দ্রনাথ দাস

শ্রীযুক্ত রায় মহেন্দ্রনাথ দাস বাহাদুরের বাড়ী

জগতাই, পোঃ নিমতিতা, (মুর্শিদাবাদ)

ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন

যথাসম্ভব সুলভে বিশুদ্ধ আয়ুর্ব্বেদীয় চিকিৎসার শ্রেষ্ঠ প্রতিষ্ঠান

(স্থাপিত সন ১৩৩২ সাল)

প্রতিষ্ঠাতা ও প্রধান চিকিৎসক

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন

প্রধান ঔষধালয় :— রঘুনাথগঞ্জ ঃঃ মুর্শিদাবাদ।

শাখা ঔষধালয় :— জঙ্গীপুর (বাবুবাজার)

আয়ুর্ব্বেদীয় সকল রকম আসব, অরিষ্ট, মোদক, বটী, তৈল, ঘৃত, চূর্ণ ও ধাতুভস্মাদি সর্ব্বদা প্রচুর মজুত থাকে। মফঃস্বলের চিকিৎসকগণকে উপযুক্ত কমিশন দেওয়া হয়।

পণ্ডিত প্রেস

রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ

উচ্চশ্রেণীর ছাপার জন্য বিখ্যাত

পরীক্ষা প্রার্থনীয়।

মহাত্মা আনন্দ ঋষির আয়ুর্ব্বেদিক হোমিও ঔষধ প্রস্তুত হইতেছে। ডাক্তার বি, রায়কে পত্র লিখিয়া আনুন।



সার্জ্জারী জগতে যুগান্তর।

ডাক্তার আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র **অপেরীণ** ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুনকা, মুখের ব্রণ পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমূল প্রভৃতি যন্ত্রণা প্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয়

মূল্য বড় শিশি ১৲, মাশুল সমেত ১৷৶০ ।৵০ আনার টিকেট পাঠাইলে স্যাম্পেল শিশি পাইবেন।

মৃতের জীবন ঃ—**ভাইট্যালী**—{ বহুবিধ রোগনাশক জীবনীশক্তিবর্দ্ধক টনিক।

(ডাক্তার আনন্দ ঋষি **মরা মানুষ বাঁচাইতে** পারিতেন। তিনি বহু গবেষণার পর জগতের হিতার্থে ভাইট্যালী আবিষ্কার করিয়া গিয়াছেন।) মানব জীবনের প্রধান উপাদান ভাইট্যাল পাওয়ার বা জীবনীশক্তি; উহার হ্রাস, বৃদ্ধিতে সমস্ত রোগ হয়। উহা ঠিক রাখিতে পারিলেই মানুষ দীর্ঘায়ু ও নীরোগ হইতে পারেন। ... যাঁহারা মেহ, প্রমেহ, ধাতু-দৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, ধ্বজভঙ্গ, ডায়েবিটিস, ডিসপেপসিয়া, অম্ল, অজীর্ণ, শ্বেত ও রক্তপ্রদর, বাধক, স্মরণশক্তির হ্রাস, বাত ও অর্শ প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে মৃতপ্রায় হইয়াছেন, তাঁহাদের পক্ষে ভাইট্যালী পরম বন্ধু। ইহা ভাইট্যাল পাওয়ার (জীবনীশক্তি) বৃদ্ধি করিয়া শীঘ্রই নীরোগ করে। যাঁহারা নানাবিধ ঔষধ খাইয়াও কোন ফল পান নাই তাঁহারা একবার মাত্র এই ঔষধ ব্যবহার করিয়া দেখুন। ।৵০ আনার ডাক টিকিট পাঠাইলে ১ সপ্তাহের ঔষধ পাইবেন।

প্রায় এক মাসের ঔষধ এক শিশির মূল্য ১৲ মাত্র। ডাক মাশুল সমেত ১৷৶০

প্রাপ্তিস্থান **ডাঃ বি রায় এণ্ড কোং কেমিষ্ট**
ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা

সাধনা ঔষধালয়-ঢাকা

বিশুদ্ধতায় সর্ব্বশ্রেষ্ঠ আয়ুর্ব্বেদীয় প্রতিষ্ঠান

ব্রাঞ্চ ও এজেন্সি পৃথিবীর সর্ব্বত্র

অধ্যক্ষ—শ্রীযোগেশচন্দ্র ঘোষ, আয়ুর্ব্বেদশাস্ত্রী

এম-এ, এফ-সি-এস (লণ্ডন), এম-এস-সি (আমেরিকা)

ভাগলপুর কলেজের রসায়নশাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক (প্রফেসার)

মকরধ্বজ (বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা সর্ব্বপ্রকার দুর্ব্বলতানাশক অতিশয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্যবিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, রক্তহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ—প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যাবতীয় রস ও স্ত্রীরোগের মহৌষধ। ১৬ মাত্রা ২৲ টাকা, ৫০ মাত্রা ৫৲ টাকা।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত